মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
----

**নম্বর:** ৩৭.১১.৪০৪১.০০০.৪৪২.১২.০০০১.২০.৪৮

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

বিষয়: **২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে কেন্দ্রীয় ভর্তি প্রক্রিয়ায় যশোর শিক্ষা বোর্ডে যে সকল শিক্ষার্থী ভর্তি হতে পারেনি কেবল তাদের জন্য অনলাইনে ভর্তি প্রসঙ্গে**

এ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ, শিক্ষার্থী, অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অনিবার্য কারণবশত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এর আওতাভুক্ত কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে যে সকল শিক্ষার্থী এখনো ভর্তি হতে পারেনি কেবল তারা সংশ্লিষ্ট কলেজে অনুমোদিত আসন শূন্য থাকা এবং নির্ধারিত ন্যূনতম জিপিএ থাকা সাপেক্ষে **০১-০১-২০২৬ খ্রি. তারিখ থেকে ০৭-০১-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এর ওয়েবসাইটে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে পারবে।

আবেদন ও ভর্তির নিয়মাবলী-

১। যে সকল শিক্ষার্থী একাদশ শ্রেণিতে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে কোনও কলেজে ভর্তি হতে পারেনি, কেবল সে সকল শিক্ষার্থী ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে পারবে;

২। যশোর বোর্ডের ওয়েবসাইটের বাম দিকে "Our Services" অংশের "XI (Eleven) Class Admission" মেনু থেকে অনলাইনে ভর্তির জন্য ০৫ (পাঁচ) টি কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয় পছন্দক্রম অনুসারে নির্বাচন করে আবেদন দাখিল করতে পারবে;

৩। আবেদন দাখিলের পর ০৩ দিনের মধ্যে অটো-জেনারেটেড সোনালী সেবা রসিদে সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ৫৮৫/- (পাচশত পচাশি টাকা) (১৫০/- আবেদন ফি, ৩৩৫/- রেজিস্ট্রেশন ফি, ১০০/- ডাটা এন্ট্রি ফি) জমা দিতে হবে। সোনালী সেবার মাধ্যমে টাকা ব্যাংকে জমা হওয়ার পর আবেদন দাখিলের কাজ সম্পন্ন হবে। অন্যথায় দাখিলকৃত আবেদন স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে;

৪। একজন শিক্ষার্থী যে কলেজগুলো নির্বাচন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার মনোনয়ন নির্ধারণ করা হবে এবং এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে যে কলেজে শিক্ষার্থীকে মনোনয়ন দেয়া হবে সেই কলেজেই **শিক্ষার্থীকে ২১-০১-২০২৬ তারিখের মধ্যে ভর্তি হতে হবে।** কলেজ মাইগ্রেশনের বা আবেদন বাতিলের বা পুনরায় আবেদনের কোনো সুযোগ থাকবে না। মনোনয়নপ্রাপ্ত কলেজে নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি না হলে, মনোনয়ন এবং আবেদন বাতিল হয়ে যাবে; পরবর্তীতে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করার আর কোনো সুযোগ থাকবে না।

৫। নির্ধারিত সময়ের পর আর কোনোভাবে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থীর ভর্তির সুযোগ থাকবে না। ফলে, কলেজ নির্বাচনের ক্ষেত্রে নিজ জিপিএ এবং সংশ্লিষ্ট কলেজের শূন্য আসন সংখ্যা বিবেচনায় নিয়ে সতর্কতার সাথে কলেজ পছন্দক্রম নির্বাচন করতে হবে;

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১ | ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ | ০১-০১-২০২৬ থেকে ০৭-০১-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত |
| ২ | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ১৫-০১-২০২৬ খ্রি. তারিখ |
| ৩ | কলেজে ভর্তি গ্রহণ ও কলেজ কর্তৃক বিষয় রেজিস্ট্রেশন | ১৮-০১-২০২৬ থেকে ২১-০১-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত |

৬। কলেজসমূহ মনোনীত শিক্ষার্থীদের ভর্তি গ্রহণ করে "INSTITUTE PANEL" থেকে **১৮-০১-২০২৬ খ্রি. তারিখ থেকে ২১-০১-২০২৬ খ্রি. তারিখের মধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় রেজিস্ট্রেশন সম্পন্ন করবে;**

৭। সংশ্লিষ্ট সকল ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত "২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
আমলা সরকারি কলেজ, মিরপুর, কুষ্টিয়া
স্থাপিত: ১৯৭২ খ্রি. সরকারিকরণ: ১৯৮৭ খ্রি.
EIIN নং: ১১৭৮৯৭; কলেজ কোড: ১০১২
www.amlacollege.gov.bd

স্মারক নং-আসক/২০২৫/ ৯৪৮

তারিখ: ০৩/১২/২০২৫ খ্রি.

# বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে কেন্দ্রীয় ভর্তি প্রক্রিয়ায় যে সকল শিক্ষার্থী যশোর শিক্ষা বোর্ডের আওতাভুক্ত কোন কলেজে এখনো ভর্তি হতে পারেনি কেবলমাত্র তারা আগামী ০১/০১/২০২৬ তারিখ থেকে ০৭/০১/২০২৬ তারিখ পর্যন্ত যশোর বোর্ডর ওয়েবসাইটে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে পারবে।

৩/১২/২৫

(প্রফেসর আ.জ.ম. মনিরুল ইসলাম-৪৬৪২)
অধ্যক্ষ
আমলা সরকারি কলেজ
মিরপুর, কুষ্টিয়া।

ফোন: ০৭০২৬-৫৬১৬৬; মোবাইল: ০১৭৭১-৬৮২৩৮৩; ই-মেইল নং: amlacollege2013@gmail.com